

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১১৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩৫. খুত্ববাহর সময় (মুসল্লীদের) কথা বলা সম্পর্কে

باب الْكَلَام وَالإِمَامُ يَخْطُبُ

### আরবী

حَدَّتَنَا مُسَدَّدُ، وَأَبُو كَامِلٍ قَالًا حَدَّتَنَا يَزِيدُ، عَنْ حَبِيبِ الْمُعَلِّمِ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " يَحْضُرُ الْجُمُعَةَ ثَلَاثَةُ نَفَرٍ رَجُلٌ حَضَرَهَا يَدْعُو فَهُو رَجُلٌ دَعَا اللهَ عَنَّ نَفَرٍ رَجُلٌ حَضَرَهَا يَدْعُو فَهُو رَجُلٌ دَعَا اللهَ عَنَّ وَجَلَّ إِنْ شَاءَ أَعْطَاهُ وَإِنْ شَاءَ مَنَعَهُ وَرَجُلٌ حَضَرَهَا بِإِنْصَاتٍ وَسُكُوتٍ وَلَمْ يَتَخَطَّ رَقَبَة مُسْلِمٍ وَلَمْ يُونْذِ أَحَدًا فَهِي كَفَّارَةٌ إِلَى الْجُمُعَةِ الَّتِي تَلِيهَا وَزِيَادَةُ ثَلَاثَةِ أَيَّامٍ وَذَلِكَ بِأَنَّ اللهَ عَنَّ وَجَلَّ يَوْدِيادَةُ ثَلَاثَةِ أَيَّامٍ وَذَلِكَ بِأَنَّ اللهَ عَنَّ وَجَلَّ يَقُولُ (مَنْ جَاءَ بالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ أَمْثَالِهَا) " .

\_ حسری

#### বাংলা

১১১৩। 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মসজিদে জুমু'আহর সালাতে তিন ধরনের লোক এসে থাকে। এক শ্রেণীর লোক জুমু'আহয় উপস্থিত হয়ে অনর্থক কথা ও কাজে লিপ্ত হয়। সে তার 'আমল অনুসারেই তার অংশ পাবে। আরেক শ্রেণীর লোক জুমু'আহয় এসে দু'আ করে, মহান ও সর্বশক্তিমান আল্লাহর নিকট প্রার্থণা করে। তিনি ইচ্ছে করলে তাদের দু'আ কবুল করতে পারেন অথবা নাও করতে পারেন। আরেক শ্রেণীর লোক জুমু'আহয় উপস্থিত হয়ে চুপচুপ থাকে, কোন মুসলিমের ঘাড় ডিঙ্গিয়ে যায় না এবং কাউকে কষ্ট দেয় না। এই কাজগুলো এ ব্যক্তির জন্য ঐ জুমু'আহ হতে পরবর্তী জুমু'আহ পর্যন্ত এবং অতিরিক্ত আরো তিনদিন পর্যন্ত গুনাহের কাফফারাহ হবে। কেননা মহান ও সর্বশক্তিমান আল্লাহ বলেছেন, "যে ব্যক্তি একটি নেকীর কাজ করবে বিনিময়ে তাকে তার দশ গুণ সওয়াব দেয়া হবে" (সূরাহ আল-আনআমঃ ১৬০)।[1]

হাসান।



## **English**

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

The Prophet () said: Three types of people attend Friday prayer; One is present in a frivolous way and that is all he gets from it; another comes with a supplication, Allah may grant or refuse his request as He wishes; another is present silently and quietly with-out stepping over a Muslim or annoying anyone, and that is an atonement for his sins till the next Friday and three days more, the reason being that Allah, the Exalted, says: "He who does a good deed will have ten times as much" (vi.160).

### ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে র্বণনা করেছেন। এছাড়া আহমাদ (২/২১৪, হাঃ ৭০০২) শায়খ আহমাদ শাকির বলেনঃ এর সানাদ সহীহ। ইবনু খুযাইমাহ (হাঃ ১৮১৩)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন